


জাতীয় সংসদের ২১ রংপুর-৩ নির্বাচনী এলাকার নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত তারিখে যানবাহন  
চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তিঃ

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর ০১/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ এর প্রজ্ঞাপন নং -৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৫৪৭ এর নির্দেশনা মতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের ২১ রংপুর-৩ নির্বাচনী এলাকার নির্বাচন আগামী ০৫ অক্টোবর ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)- এর ৮৮ ধারা অনুযায়ী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ৪ অক্টোবর ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৫ অক্টোবর ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলোঃ

- |                                       |            |   |
|---------------------------------------|------------|---|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্স/ ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো  |
| (২) ট্যাক্সি ক্যাব                    | (৬) কার    | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস                        | (৭) বাস    |   |
| (৪) জীপ                               | (৮) ট্রাক  |   |

০২. এছাড়া, ০৩ অক্টোবর, ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০টা হতে ০৬ অক্টোবর, ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হ'ল।

০৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দী প্রার্থী/ তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/ বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/ বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা- কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

  
পরিচালক (এনফোর্সমেন্ট)  
বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা  
ফোনঃ ৫৫০৪০৭১৪